দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

75

তারিখ 22 JUL 1989
পৃষ্ঠা 3 কলাম 1

## শিক্ষা কর্মকর্তাদের নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করার আহবান

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, শিক্ষার মত একটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য অপরিসীম। গত বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের কর্মকর্তাদের সহিত অনুষ্ঠিত দুইটি পৃথক সভায় তিনি বক্তৃতা করেন। মন্ত্রী আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব

(৪র্থ পৃঃ দ্রঃ)

### শিক্ষা কর্মকর্তাদের

( ৩য় পৃঃ পর )

পালন করার জন্য কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান। নবনিযুক্ত শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরীও সভায় বক্তৃতা করেন। সভার প্রারম্ভে শিক্ষা মন্ত্রী প্রতিমন্ত্রীকে কর্মকর্তাদের সঙ্গে পরিচয় করাইয়া দেন। তিনি প্রতিমন্ত্রীকে তাহার দায়িত্ব পালনকালে মন্ত্রণালয় এবং তাহার নিজের পক্ষে সব রকম সহযোগিতার আশ্বাস দেন।